# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪২৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. সালাতসমূহের হিফাযাত করা

باب فِي الْمُحَافَظَةِ عَلَى وَقْتِ الصَّلَوَاتِ

---

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ الْخُزَاعِيُّ، وَعَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ، قَالاَ حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ عُمَرَ، عَنِ الْقَاسِمِ بْنِ غَنَّامٍ، عَنْ بَعْضِ، أُمَّهَاتِهِ عَنْ أُمِّ فَرْوَةَ، قَالَتْ سُئِلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَىُّ الأَعْمَالِ أَفْضَلُ قَالَ " الصَّلاَةُ فِي أَوَّلِ وَقْتِهَا "

ـ صحيح

قَالَ الْخُزَاعِيُّ فِي حَدِيثِهِ عَنْ عَمَّةٍ لَهُ يُقَالُ لَهَا أُمُّ فَرْوَةَ قَدْ بَايَعَتِ النَّبِيَّ صلي الله عليه وسلم أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم سُئِلَ

বাংলা

৪২৬। উম্মু ফারওয়াহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সর্বোত্তম আমল সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, সালাতের ওয়াক্ত হওয়ায় সাথে সাথে (প্রথম ওয়াক্তেই) সালাত আদায় করা।[1]

সহীহ।

খুযাঈ তাঁর বর্ণিত হাদীসে তার ফুফু উম্মু ফারওয়াহ থেকে বর্ণনা করেন যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট বাই'আত গ্রহণ করেছিলেন। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করা হয়েছিল।

## English

Narrated Umm Farwah:

The Messenger of Allah (ﷺ) was asked: Which of the actions is best? He replied: Observing prayer early in its period.

Al-Khuza'i narrated in his version from his aunt named Umm Farwah who took the oath of allegiance to the Prophet (ﷺ): He was questioned.

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ সালাত, অনুঃ প্রথম ওয়াক্তের ফাযীলাত, হাঃ ১৭০), আহমাদ (৬/৩৭৫) ইউনুস সূত্রে এবং (৬/৭৪) আবূ ‘আসিম সূত্রে, বায়হাক্বী ‘সুনানুল কুবরা’ (১/৪৩৪), দারাকুতনী (১/১২), প্রত্যেকেই একাধিক সনদে আব্দুল্লাহ ইবনু ‘আমর আল-উমরী থেকে কাসিম ইবনু গানাম সূত্রে। ইমাম তিরমিযী বলেন, উম্মু ফারওয়ার হাদীস আব্দুল্লাহ ইবনু উমার আল-উমরী ছাড়া আর কেউ বর্ণনা করেননি। অথচ তিনি (‘আব্দুল্লাহ) হাদীস বিশারদগণের মতে শক্তিশালী বর্ণনাকারী নন। যদিও তিনি সত্যবাদী। তাদের মতে, তিনি এ হাদীসের সনদে গরমিল করেছেন। ‘আত-তাক্বরীর’ গ্রন্থে রয়েছে, তিনি মুসলিমের রিজালভুক্ত। অবশ্য তিনি তাকে দুর্বল বলেছেন। কিন্তু তার অনুসরণ (তাবে’) করেছেন তার বোন ‘আব্দুল্লাহ ইবনু ‘উমারের নিকট; হাকিম (১/১৮৯) এবং দারাকুতনী (১/১৪)। অনুরূপভাবে তার অনুসরণ করেছেন যাহহাক, দারাকুতনী (১/১৫)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ উম্মু ফারওয়া (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57744

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন